

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৮

বিশালগড়, ২৪ জুন, ২০২৪

বিশালগড় ব্লকে বায়োভিলেজ প্রকল্পে প্রাণী পালনে সহায়তা

বিশালগড় ব্লকে বায়োভিলেজ প্রকল্পে চলতি অর্থবছরে সুবিধাভোগীদের প্রাণী পালনে সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে ব্লকের ২টি বায়োভিলেজ প্রকল্পের সাথে যুক্ত ১২৭টি পরিবার উপকৃত হয়েছে। সুবিধাভোগীদের হাঁস, মোরগ, শূকর ও ছাগল পালনে সহায়তা দেওয়া হয়েছে। মহকুমা প্রাণীসম্পদ বিকাশ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*